দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 NOV 2016 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ১-৬ ...

# তিন মেডিক্যালকে ৩ কোটি টাকা জরিমানা

## নিয়ম ভেঙে শিক্ষার্থী ভর্তি

■ ইত্তেফাক রিপোর্ট

ভর্তি পরীক্ষার নম্বরের শর্ত পূরণ না হওয়ার পরও শিক্ষার্থী ভর্তি করায় বেসরকারি তিন মেডিক্যাল কলেজকে এক কোটি টাকা করে জরিমানা করেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। আগামী এক সপ্তাহের মধ্যে ওই জরিমানার টাকা পরিশোধ করতে সাউদার্ন মেডিক্যাল কলেজ, ময়নামতি মেডিক্যাল কলেজ ও বিজিসি ট্রাস্ট মেডিক্যাল কলেজকে নির্দেশ দেওয়া হয়েছে। জরিমানার অর্ধেক টাকা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) এবং বাকি অর্ধেক টাকা কিডনি ফাউন্ডেশন ও ক্যান্সার ইনস্টিটিউটকে দিতে বলা হয়েছে। প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ গতকাল রবিবার এই আদেশ দেন। আদেশে টাকা পাওয়ার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এফডিআর করতে বলা হয়েছে। এই এফডিআর থেকে পাওয়া লভ্যাংশ বিশ্ববিদ্যালয়ের দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মধ্যে বৃত্তি হিসেবে বণ্টন করতে নির্দেশ দিয়েছে আদালত।

২০১৪-১৫ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের জারি করা শর্তে ছিল, পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১২০ নম্বর পাওয়া ছাত্র/ছাত্রীদের ভর্তি করা যাবে। এই ১২০ নম্বরের মধ্যে লিখিত পরীক্ষায় ৪০ নম্বর পেতে হবে। কিন্তু ভর্তি পরীক্ষার নম্বরের এ শর্ত পূরণ না হওয়ার পরও সরকারি সিদ্ধান্ত লঙ্ঘন করে শিক্ষার্থীকে ভর্তি করায় ওই তিনটি বেসরকারি মেডিক্যাল কলেজ। এরপর ৩০ শিক্ষার্থীর প্রথম পর্বের (ফার্স্ট প্রফেশনাল এক্সামিনেশন) রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র আটকে দেয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করা হয়। ওই আবেদনের শুনানি শেষে হাইকোর্ট রিট আবেদনকারী শিক্ষার্থীদের ৭২ ঘণ্টার মধ্যে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র দিতে বলে। ওই আদেশের বিরুদ্ধে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ লিভ টু আপিল দায়ের করে। গতকাল আদালতে মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের পক্ষে আইনজীবী ছিলেন শেখ ফজলে নুর তাপস। শিক্ষার্থীদের পক্ষে আইনজীবী এএম আমিন উদ্দিন, গোলাম সরওয়ার পায়েল, ইউসুফ আলী ও সেলিনা আক্তার চৌধুরী। আপিল বিভাগ ওই আবেদন নিষ্পত্তি করে উপরোক্ত আদেশ দেয় বলে জানান আইনজীবীরা। এছাড়া শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ না নিতেও ওই তিন কলেজকে নির্দেশ দেওয়া হয়েছে।